সমকাল

তারিখ ...30 DEC 2017......
পৃষ্ঠা ...১৭... কলাম...৫........

# মানসম্মত শিক্ষাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছে সরকার

## — শিক্ষামন্ত্রী

■ মোহনগঞ্জ (নেত্রকোনা) সংবাদদাতা

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, নতুন প্রজন্মকে আধুনিক বাংলাদেশের নির্মাতা হিসেবে গড়ে তুলতে হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বে বর্তমান সরকার সারাদেশে মানসম্মত শিক্ষার আলো ছড়িয়ে দিতে সর্বোচ্চ প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

তিনি বলেন, 'সরকারের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা নিশ্চিত করার পাশাপাশি দেশকে সমৃদ্ধির পথে এগিয়ে নিতে ভবিষ্যৎ প্রজন্মের জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে সমন্বিত প্রচেষ্টা গ্রহণ করতে হবে।'

গতকাল শুক্রবার দুপুরে নেত্রকোনার মোহনগঞ্জ পাইলট সরকারি উচ্চ বিদ্যালয়ের পুনর্মিলনী উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, মোহনগঞ্জ পাইলট সরকারি উচ্চ বিদ্যালয়ের জন্য ১৪ কোটি টাকা বরাদ্দ দেওয়া হয়েছে। শিগগিরই ৬তলা ভবনসহ বিভিন্ন অবকাঠামোর কাজ করা হবে।

পুনর্মিলনীর কেন্দ্রীয় উদযাপন কমিটি আহ্বায়ক ও প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১ সাজ্জাদুল হাসান অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। অনুষ্ঠানে বক্তৃতা করেন বিচারপতি ওবায়দুল হাসান, নেত্রকোনা-৪ আসনের এমপি রেবেকা মমিন, পাট ও বস্ত্র মন্ত্রণালয়ের সচিব ফায়জুর রহমান চৌধুরী, কথাসাহিত্যিক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক ড. সৈয়দ মনজুরুল ইসলাম, জেলা প্রশাসক মুশফিকুর রহমান ও পুলিশ সুপার জয়দেব চৌধুরী।

আরও উপস্থিত ছিলেন পুনর্মিলনী উদযাপন কমিটির আহ্বায়ক ও পৌর মেয়র লতিফুর রহমান রতন, সদস্য সচিব শাখাওয়াৎ হোসেন তালুকদার, উদযাপন কমিটির যুগ্ম আহ্বায়ক কামাল পাশা চৌধুরী, শহীদ ইকবাল, প্রলয় কুমার জোয়ারদার, ময়মনসিংহ বিভাগীয় কমিশনার জি.এম সালেহ উদ্দিন, ময়মনসিংহ বিভাগের ডিআইজি নিবাস চন্দ্র মাঝি প্রমুখ।